

## মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৮৬৫

(মসন্দ علي بن أبي طالب) [আলীর বর্ণিত হাদীস] (রাঃ) আলী ইবনে আবী তালিব

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ بَحْرٍ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، حَدَّثَنَا زَكْرِيَّا، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ هَانِئِ بْنِ هَانِئٍ، عَنْ عَلِيٍّ، قَالَ: كَانَ أَبُو بَكْرٍ يُخَافُ بِصَوْتِهِ إِذَا قَرَأَ، وَكَانَ عُمَرُ يَجْهَرُ بِقِرَاءَتِهِ، وَكَانَ عَمَارٌ إِذَا قَرَأَ يَأْخُذُ مِنْ هَذِهِ السُّورَةِ وَهَذِهِ، فَذَكَرَ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: لِأَبِي بَكْرٍ: "لِمَ تُخَافُ؟" قَالَ: إِنِّي لَأَسْمَعُ مَنْ أُنَاجِي وَقَالَ لِعُمَرَ: "لِمَ تَجْهَرُ بِقِرَاءَتِكَ؟" قَالَ: أَفْزَعُ الشَّيْطَانَ، وَأَوْقِظُ الْوَسْطَانَ، وَقَالَ لِعَمَارٍ: "وَلِمَ تَأْخُذُ مِنْ هَذِهِ السُّورَةِ وَهَذِهِ؟" قَالَ: أَتَسْمَعُنِي أَخْطِ بِهَ مَا لَيْسَ مِنْهُ؟ قَالَ: "لَا" قَالَ: فَكُلُّهُ طَيِّبٌ

إسناده ضعيف، هانئ بن هانئ تقدم القول فيه برقم (769)، أبو إسحاق تغير بأخرة ورواية زكريا - وهو ابن أبي زائدة - عنه بعد تغيره وأخرج نحوه مختصراً الطبري 15/186، والبيهقي في "شعب الإيمان" (2612) من طريقين عن محمد بن سيرين قال: نبئت أن أبا بكر ... فذكره دون قصة عمار، ولم يذكر فيه رسول الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

৮৬৫। আলী (রাঃ) বলেন, আবু বাকর (রাঃ) যখন কুরআন পড়তেন, তখন অনুচ্চ কণ্ঠে পড়তেন। উমার (রাঃ) উচ্চকণ্ঠে পড়তেন। আর আম্মার (রাঃ) যখন পড়তেন, তখন বিভিন্ন সূরা থেকে পড়তেন। এ সংবাদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জানানো হলো। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবু বাকরকে বললেনঃ তুমি কেন অনুচ্চ কণ্ঠে পড়? আবু বাকর বললেন, আমি যার সাথে গোপন সংলাপ করি, শুধু তাকেই শুনাই। (অর্থাৎ আল্লাহকে) উমার (রাঃ) কে জিজ্ঞাসা করলেন, তুমি কেন উচ্চ কণ্ঠে পড়? উমার (রাঃ) বললেন,

শয়তানকে আতঙ্কিত করি এবং ঘুমন্ত ব্যক্তিকে জাগাই। আম্মার (রাঃ) কে বললেনঃ তুমি কেন বিভিন্ন সূরা থেকে পড়? আম্মার (রাঃ) জবাব দিলেন, আমি কুরআনের সাথে অন্য কিছু মিশ্রিত করি এমন অভিযোগ শুনেছেন কি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, না। অতঃপর তিনি বললেন, সুতরাং সবাই যা করছে ঠিক করছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=63876>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন